



নিয়োগ বিজ্ঞপ্তি

জয়পুরহাট রুরাল ডেভেলপমেন্ট মুভমেন্ট (জেআরডিএম) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় গ্রামীণ জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের পাশাপাশি ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। সংস্থার কর্ম এলাকায় চলমান ক্ষুদ্রঋণ কর্মসূচী এবং সংস্থার স্বাস্থ্যসেবা কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পদে কাজ করতে আগ্রহী পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদ সংখ্যা	বয়স (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ভাতা
০১	ব্যবস্থাপক (ক্ষুদ্রঋণ)	১০ জন	৩৫ বছর	স্নাতক/স্নাতকোত্তর পাশ (সংশ্লিষ্ট পদে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে)	শিক্ষানবিশ কালীন ০৬ মাস সর্বসাকুল্যে মাসিক বেতন ২০,০০০/-টাকা। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন ভাতা আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে।
০২	ক্রেডিট অফিসার	৩০ জন	৩২ বছর	সর্বনিম্ন স্নাতক/ সমমান পাশ	শিক্ষানবিশ কালীন ০৬ মাস সর্বসাকুল্যে মাসিক বেতন-১৩,০০০/টাকা, অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে।
০৩	স্বাস্থ্য সহকারী (Health Assistant)	৩০ জন	৩২ বছর	যে কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে ম্যাটস/প্যারামেডিক/নার্সিং ডিপ্লোমা কোর্স সম্পন্নকারী (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)	সর্বসাকুল্যে মাসিক বেতন ১০,০০০/-টাকা। বিঃদ্র: শুধুমাত্র জয়পুরহাট ও নওগাঁ জেলা, বগুড়া (কাহালু, শিবগঞ্জ), দিনাজপুর (বিরামপুর, হাকিমপুর) ও গোবিন্দগঞ্জ উপজেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।

- সকল পদে স্থায়ী হওয়ার পর সংস্থার বেতন কাঠামো অনুযায়ী বেতন ভাতা এবং পিএফ, গ্রাটুইটি, বছরে ০৪ টি বোনাস ও সাপ্তাহিক ০২ দিন ছুটি সহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।
- আগ্রহী প্রার্থীগনকে সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদনপত্রে মোবাইল নং উল্লেখসহ তিন কপি পাশপোর্ট আকারের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদের কপিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আগামী ১৭ ফেব্রুয়ারী ২০২২ইং তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো। নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান কেবল মাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদেরকে মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীদের সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও জাতীয় পরিচয় পত্রসহ সকল প্রয়োজনীয় কাগজপত্র সঙ্গে আনতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১নং পদে কম্পিউটার জানা আবশ্যিক সহ মোটর সাইকেল চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ/বাতিল এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পরিবর্তন, পরিবর্তন ও সংযোজন বিয়োজন করার অধিকার সংরক্ষণ করেন।

আবেদনপত্র প্রেরণের ঠিকানাঃ বরাবর, নির্বাহী পরিচালক, জেআরডিএম, বাড়ী নং-৪৭৬/১, পূর্ব বাজার, চৌধুরীপাড়া, জয়পুরহাট।